# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কর্ম ও জীবনমুখী শিক্ষা

বিষয় কোড : 1 5 5

### সৃজনশীল প্রশ্ন

সময়– ১ ঘণ্টা ৪০ মিনিট — মান– ৩০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর মধ্য থেকে যেকোনো **তিনটি** প্রশ্নের উত্তর দাও]

১। শিক্ষক ৮ম শ্রেণির শিক্ষার্থীদের আগুন আবিষ্কারের কাহিনী বললেন। প্রাচীনকালে মানুষ আগুনকে দেবতার রোষের বহিঃপ্রকাশ ভাবত। ধীরে ধীরে তারা মেধাশ্রমকে কাজে লাগিয়ে আগুনের ওপর নিয়ন্ত্রণ করতে শেখে এবং এর ব্যবহারও আয়ত্ত করে। আগুনের মাধ্যমেই রান্নার প্রচলন হয়। মানুষকে সভ্য হিসেবে পরিচিত করার ক্ষেত্রে আগুনের অবদান অন্যতম।

ক. 'প্রাগৈতিহাসিক যুগ' কাকে বলে? ১

খ. চাকার প্রয়োজনবোধ কেন হয়েছিল? ২

গ. আগুন ব্যবহার করে কীভাবে রান্নার প্রচলন হয়? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. মেধাশ্রমের জন্যই আগুনের ব্যবহার এবং নিয়ন্ত্রণ সম্ভব হয়েছে। কথাটির স্বপক্ষে তোমার যুক্তি দাও। ৪

২। ঘটনা-১: জনাব 'ক' সরকারি ব্যাংকের উচ্চপদস্থ কর্মকর্তা। সম্প্রতি তিনি চাকরি থেকে অবসর গ্রহণ করেছেন। প্রভিডেন্ট ফান্ডের টাকা দিয়ে তিনি নতুন করে বাড়ি করার পরিকল্পনা করলেন।

ঘটনা-২: তমা ৮ম শ্রেণির ছাত্রী। সে তার দাদার কাছে গল্প শুনে জানতে পারে, প্রাচীনকালের মানুষ নদীর তীরে বসতি গড়ে তুলেছিল।

ক. সর্বপ্রথম কখন রোবট স্বয়ংক্রিয় কাজ করে? ১

খ. প্রাচীনকালে কী কী লেখার প্রচলন ছিল? ২

গ. ঘটনা-১ এ তোমার পাঠ্যবইয়ের কোন ধারণার প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ঘটনা-২ এ বর্ণিত বসতি গড়ে উঠার কারণ বিশ্লেষণ কর। ৪

৩। রিফার বাবা-মা দুজনই কর্মজীবী। রিফার বাসায় তার সমবয়সী একটি মেয়ে কাজ করে। মেয়েটি রিফার সব কাজেই সাহায্য করে।

http://teachingbd.com

একদিন মেয়েটি রিফার স্কুল ড্রেস ধুতে যেয়ে পকেটের কিছু জরুরী কাগজ ভিজিয়ে নষ্ট করে ফেলল। এতে সে মেয়েটির ওপর রাগ করে কেঁদে ফেলল।

ক. অলসতা কী? ১

খ. সহনশীলতা আমাদের কী শিক্ষা দেয়? ২

গ. রিফা নিজের কাজ নিজে করলে কী কী সুবিধা হতো, বর্ণনা কর। ৩

ঘ. নিজের কাজ নিজে না করার জন্য রিফা কী কী ধরনের অসুবিধার সম্মুখীন হবে বলে তুমি মনে কর। ৪

৪। সিরাজ সাহেব একটি ব্যাংকের ম্যানেজার। ব্যাংক পরিচালনার জন্য তাকে বিভিন্ন সময় বিভিন্ন ধরনের সিদ্ধান্ত গ্রহণ করতে হয়। তিনি গ্রাহকদের আকৃষ্ট করার জন্য বিভিন্ন ধরনের ব্যাংকিং সুবিধা প্রদানের ব্যবস্থা করেন এবং অফিসের সকল কর্মকর্তাদের কাজে নেতৃত্ব দেন। তিনি অত্যন্ত দক্ষতা এবং বিশ্বস্ততার সাথে যাবতীয় কাজ সম্পাদন করেন। ফলে উর্ধ্বতন কর্মকর্তা তার পদোন্নতির জন্য সুপারিশ করেন।

ক. পোর্টফলিও কী? ১

খ. কীভাবে পোর্টফোলিও সংরক্ষণ করা যায়? ২

গ. উদ্দীপকে সিরাজ সাহেবের কর্মক্ষেত্রে সফলতার চাবিকাঠিগুলো কী কী? বর্ণনা কর। ৩

ঘ. "শিক্ষাজীবনের সাথে কর্মজীবনের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে।"— এক্ষেত্রে সিরাজ সাহেবের সফলতা ব্যাখ্যা কর। ৪

৫। তুলির খুব ইচ্ছা বড় হয়ে সে ফার্মেসি বিষয়ে পড়াশুনা করবে। কারণ তার বিভিন্ন ধরনের ওষুধপত্রের গঠন, গুণাগুণ, কার্যকারিতা ইত্যাদি বিষয়ে জানার অনেক আগ্রহ। সে তার এ উদ্দেশ্যকে সামনে রেখে পড়াশুনা করছে। সে ইংরেজি, গণিত ও বিজ্ঞান বিষয়ে বেশ ভালোভাবে চেষ্টা করে যাচ্ছে।

ক. ব্যক্তিত্ব বলতে কী বোঝ? ১

খ. পেশা নির্বাচনের গুরুত্বপূর্ণ বিষয়গুলো কী কী? ২

গ. তুলির ফার্মেসি বিষয়ে পড়ার জন্য কোন শাখা উপযুক্ত? ব্যাখ্যা কর। ৩

ঘ. "আগ্রহ এবং সামর্থ্য পেশা নির্বাচনে গুরুত্বপূর্ণ বিষয়"—উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কর্ম ও জীবনমুখী শিক্ষা

বিষয় কোড : | 1 | 5 | 5 |

সময়– ২০ মিনিট　　　　বহুনির্বাচনি অভীক্ষা　　　　মান–২০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক (✓) চিহ্ন দাও। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. প্রাচীন যুগে মানুষকে কোনটির কথা ভাবতে হতো?
ⓚ পানি　ⓚ নদী　ⓖ বৃষ্টি　ⓖ আগুন

Note: options below use (ক), (খ), (গ), (ঘ).

২. প্রাগৈতিহাসিক যুগে মানুষ কোথায় বাস করত?
(ক) নদীর ধারে　(খ) পাহাড়ের উপরে
(গ) মরুভূমিতে　(ঘ) পাহাড়ের গুহা ও গাছের কোটরে

৩. উপমহাদেশের সর্বপ্রথম কৃষি নির্ভর স্থায়ী বসতি কোথায় গড়ে ওঠে?
(ক) ভারতের চণ্ডিগড়ে　(খ) ভারতের মেহেরগড়ে
(গ) কলকাতায়　(ঘ) পশ্চিমবঙ্গে

৪. কতবছর অতিক্রম হওয়ার পর আদিম মানুষ প্রকৃতিতে আগুনের সৃষ্টি আবিষ্কার করেছেন?
(ক) এক যুগ পরে　(খ) পাঁচশো বছর পরে
(গ) শত বছর পরে　(ঘ) হাজার বছর পরে

৫. কতসালে উয়ারী গ্রামে বঙ্গ ভারতের প্রাচীনতম রৌপ্যমুদ্রা পাওয়া যায়?
(ক) ১৯৩০ সালে　(খ) ১৯৩১ সালে
(গ) ১৯৩২ সালে　(ঘ) ১৯৩৩ সালে

৬. উপমহাদেশের উপকথা অনুযায়ী কোন দেবতা ভারতবর্ষের প্রাচীন লিপি আবিষ্কার করেছিলেন?
(ক) ব্রাহ্ম　(খ) থথ　(গ) মাসাউ　(ঘ) বুহান

৭. রোবট হাঁস বানিয়েছিলেন কে?
(ক) জ্যাঁ দ্য ভকেনসন　(খ) সক্রেটিস
(গ) এডিসন　(ঘ) আইনস্টাইন

৮. চিত্রটি কোন লিখন পদ্ধতি নির্দেশ করছে?



(ক) ফিনিশিয়দের লেখা　(খ) মিসরীয় লেখা
(গ) প্রাচীন গ্রিক লেখা　(ঘ) প্রাচীন ভারতীয় লেখা

৯. কতসালে স্ফুটনিক-১ মহাশূন্যে পাঠানো হয়?
(ক) ১৯৫০ সালে　(খ) ১৯৬০ সালে
(গ) ১৯৫৭ সালে　(ঘ) ১৯৫৮ সালে

১০. ফ্যাক্টরিতে বাসন-কোসন তৈরির উপাদান কোনটি?
i. মেলামাইন　ii. চিনামাটি
iii. স্টেইনলেস স্টিল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) ii ও iii　(গ) i ও iii　(ঘ) i, ii ও iii

১১. উদ্ভাবনী শক্তির বিকাশ ঘটে কিভাবে?
(ক) চিন্তা করলে　(খ) পরামর্শ নিলে
(গ) কাজ করলে　(ঘ) ঘুমালে

■ নিচের উদ্দীপকটি পড়ে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও :
সোহাগ শারীরিকভাবে সুস্থ থাকার জন্য প্রতিদিন ব্যায়াম করে এবং সুষম খাবার খায়। পড়াশোনায়ও সে বেশ মনোযোগী। পড়ালেখার পাশাপাশি সে বিভিন্ন কারিগরি কলাকৌশল শিখেছে। অনেকদিন ট্রেনিং নিয়ে, অনেক পরীক্ষা দিয়ে সন্তোষজনক ফল করেছে।

১২. এখন সে হতে চায় একজন—
(ক) প্রকৌশলী　(খ) নভোচারী
(গ) ডাক্তার　(ঘ) মহাকাশচারী

১৩. নভোচারী হতে গেলে—
i. বিভিন্ন কারিগরী কলাকৌশল জানতে হবে
ii. নিজের প্রতি আস্থা রাখতে হবে
iii. বিভিন্ন ট্রেনিং নিতে হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii　(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

১৪. মননশীলতার পরিচয় পাওয়া যায় কিসের মাধ্যমে?
(ক) কাজ করার মাধ্যমে　(খ) সম্পদের মাধ্যমে
(গ) সুস্বাস্থ্যের মাধ্যমে　(ঘ) হাঁটাচলার মাধ্যমে

১৫. কোনো কাজ সঠিকভাবে করার জন্য কোনটি গুরুত্বপূর্ণ বিষয়?
(ক) অভিজ্ঞতা　(খ) দক্ষতা
(গ) সঠিক দিকনির্দেশনা　(ঘ) সঠিক পরিকল্পনা

১৬. অবকাঠামোগত উন্নয়ন হলো—
i. রাস্তাঘাট তৈরি ও মেরামত
ii. অফিস আদালত নির্মাণ
iii. ব্যবসায়-বাণিজ্য করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) i ও iii　(গ) ii ও iii　(ঘ) i, ii ও iii

■ নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :
সাব্বির পড়ালেখা শেষ করে নিজ উদ্যোগেই বাড়িতে মৎস্য খামার ও সবজি বাগান করল। এতে তার বেশ উপার্জন হচ্ছে। তাকে আর বেকার বসে থাকতে হলো না।

১৭. সাব্বিরের কাজটি হলো—
(ক) আত্মকর্মসংস্থান　(খ) সৃজনশীল কর্মকাণ্ড
(গ) অভিজ্ঞতা অর্জন　(ঘ) অধিক অর্থ উপার্জন

১৮. পরিবারের সদস্যদের কাজের মাধ্যমে লাভ করা যায়—
i. আত্মবিশ্বাস　ii. আগ্রহ
iii. উদ্দীপনা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) ii ও iii　(গ) i ও iii　(ঘ) i, ii ও iii

১৯. উদ্দীপকের ছবিটি কোন ধরনের শ্রম নির্দেশ করছে?



(ক) মেধাশ্রম　(খ) কায়িকশ্রম
(গ) পরিশ্রম　(ঘ) মেধা ও কায়িকশ্রম উভয়ই

২০. কর্মক্ষেত্রে সফলতার চাবিকাঠি—
i. দলে কাজ করার মানসিকতা
ii. শেখা জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগানো
iii. দক্ষতার উন্নয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii　(খ) ii ও iii　(গ) i ও iii　(ঘ) i, ii ও iii

### উত্তরমালা

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ক | ৮ | খ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | গ | ১৬ | ক | ১৭ | ক | ১৮ | ঘ | ১৯ | খ | ২০ | ঘ |

teachingbd.com

http://teachingbd.com